# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৬৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯৪. ফজরের সুন্নাত আদায়ের পূর্বে ইমামকে জামা'আতে পেলে

باب إِذَا أَدْرَكَ الإِمَامَ وَلَمْ يُصَلِّ رَكْعَتَىِ الْفَجْرِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ عَاصِمٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ سَرْجِسَ، قَالَ : جَاءَ رَجُلٌ وَالنَّبِيُّ صلي الله عليه وسلم يُصَلِّي الصُّبْحَ فَصَلَّى الرَّكْعَتَيْنِ ثُمَّ دَخَلَ مَعَ النَّبِيِّ صلي الله عليه وسلم فِي الصَّلاَةِ فَلَمَّا انْصَرَفَ قَالَ " يَا فُلاَنُ أَيَّتُهُمَا صَلاَتُكَ الَّتِي صَلَّيْتَ وَحْدَكَ أَوِ الَّتِي صَلَّيْتَ مَعَنَا"؟

ـ صحيح : م

বাংলা

১২৬৫। 'আবদুল্লাহ ইবনু সারজিস্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফজরের সালাত আদায় করছিলেন এমন সময় এক ব্যক্তি আগমন করলো। সে প্রথমে দু' রাক'আত সুন্নাত আদায় করার পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সালাতে শরীক হলো। সালাত শেষে তিনি জিজ্ঞেস করলেনঃ হে অমুক! তোমার একাকী আদায়কৃত ঐ দু' রাক'আত সালাত কিসের অথবা তুমি আমাদের সঙ্গে যা আদায় করেছো?[1]

সহীহ : মুসলিম।

## English

Narrated 'Abd Allah b. Sarjas:
A man came while the Prophet (ﷺ) was leading the people in the dawn prayer. He prayed the two rak'ahs and then joined the congregational prayer led by the Prophet (ﷺ). When he finished the prayer, the Prophet (ﷺ) said: So-and-so, which was your real prayer, the one you prayed alone or the one

offered with us ?

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত ও ক্বাসর করা, অনুঃ মুয়াজ্জিন যখন ইক্বামাত বলেন তখন কোন নফল সালাতের নিয়্যাত করা মাকরূহ), নাসায়ী (অধ্যায় : ইমামাত, ইমামের সালাত আদায়কালে কেউ ফাজরের দু’ রাক‘আত সুন্নাত পড়লে, হাঃ ৮৬৭), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ ইক্বামাত হয়ে গেলে ফার্য সালাত ব্যাতীত কোন সালাত নেই, হাঃ ১১৫২), আহমাদ (৫/৮২), ইবনু খুযাইমাহ (হাঃ ১১২৫)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু সারজিস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58583

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন